

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৭(আগরতলা, ১৪।৬)

আমবাসা, ১৪ জুন, ২০১৮

প্রবল বর্ষণ : আমবাসায় খোলা হয়েছে ত্রাণ শিবির

আমবাসা মহকুমায় গত ১২ জুন অবিশ্রান্ত বর্ষণের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। মহকুমার বিভিন্ন এলাকায় ২৪টি বাসগৃহ ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ১টি গৃহের সম্পূর্ণ ক্ষতি হয় এবং ২৩টি গৃহের আংশিক ক্ষতি হয়। বর্ষণের ফলে প্রতিমা সোম নামে একজন(৩৫ বছর) মাটির চাপায় আহত হয়। তাকে প্রথমে কুলাই হাসপাতালে ভর্তি করা হয়। পরে আগরতলা জি বি হাসপাতালে পাঠানো হয়। এছাড়াও আসাম-আগরতলা জাতীয় সড়কের আমবাসা রাস্তায় মাটির ধস পড়ে এবং মহকুমার বিভিন্ন রাস্তারও ব্যাপক ক্ষতি হয়েছে। এখন এগুলোর সারাইয়ের কাজ চলছে। প্রবল বর্ষণের ফলে বসত বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে এমন ৮টি পরিবারের জন্য প্রশাসনের পক্ষ থেকে আমবাসার আশ্বেদকর নগর জে বি স্কুলে গত ১২ জুন ত্রাণ শিবির খোলা হয়। ত্রাণ শিবিরে ৩৮ জন আশ্রয় নিয়েছেন। আমবাসা মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ত্রাণ শিবিরের জন্য খাদ্য, পানীয় জল এবং চিকিৎসার ব্যবস্থা করা হয়। আমবাসা মহকুমা শাসক এই সংবাদ জানিয়েছেন।
